# পাঁচবিবি উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

স্থান ; উপজেলা পরিষদ মিলনায়তন, পাঁচবিবি, জয়পুরহাট
তারিখ : ২৭/০৯/২০২১ খ্রি.
সময় : সকাল ১০:৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা – পরিশিষ্ট ''ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান । অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন প্রকার আপত্তি বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmation) করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। বিভাগীয় আলোচনা :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার পাঁচবিবি সভায় বলেন যে, ২৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সারা দেশে ৭৫ লক্ষ টিকা প্রদান করা হবে। পাঁচবিবি উপজেলায় ১৬,৫০০ জনকে টিকা প্রদান করা হবে। টিকা গ্রহণের জন্য এখন পর্যন্ত যারা নিবন্ধন করেছেন তাদেরকে এ টিকা প্রদান করা হবে। নিবন্ধনকৃত জনগণকে টিকা গ্রহণের জন্যমেয়র, পাঁচবিবি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক নির্ধারণকৃত সংশ্লিষ্ট টিকা কেন্দ্রে উপস্থিত হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | পাঁচবিবি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা প্রদান, করোনা টেষ্ট ও করোনার টিকা প্রদান অব্যাহত রাখতে হবে। করোনা টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক সুষ্ঠুভাবে টিকা কার্যক্রম সম্পাদন করতে হবে।ভর্তিচ্ছু রোগীকে অহেতুক সদর হাসপাতাল বা অন্যত্র প্রেরণ থেকে বিরত থাকতে হবে।রোগীদের সেবা প্রদানে মানবিক হতে হবে | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি |
| (২) | প্রকৌশল বিভাগ :<br>উপজেলা প্রকৌশলী, পাঁচবিবি, জয়পুরহাট সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে ADP এর ১ম কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত অর্থের বিপরীতে প্রকল্প বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। তিনি উক্ত তালিকা যাচাই-বাছাই অন্তে প্রকল্প গ্রহণপূর্বক প্রতি ইউনিয়নে ১টি করে পিআইসির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য সুপারিশ করে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | ২০২১-২০২২ অর্থবছরে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত ও উপস্থাপিত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপ: প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যানগণ |
| (৩) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট সভায় বলেন যে, বর্তমানে খরিপ-২ মৌসুমের অন্যতম ফসল রোপা আমন মাঠে রয়েছে। মাঠের সার্বিক অবস্থা ভাল।রোগবালাই সম্পর্কে সচেতনতা কার্যক্রম চলমান আছে। নিরাপদ খাদ্য উৎপাদনের কার্যক্রম চলমান আছে। উপজেলায় সারের মজুদ ঠিক রাখার জন্য নিয়মিত মনিটরিং অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | অধিক ফসল উৎপাদনে চাষী পর্যায়ে সকল পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। কৃষকের নিকট হতে সারের বেশী মূল্য নেয়া যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি |
| (৪) | প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রকল্পের আওতায় ৬৩ জন সুফলভোগীর মাঝে বকনা গরু, গৃহ নির্মাণ সামগ্রী এবং ৩ মাসের জন্য ২২৫ কেজি গো-খাদ্য বিতরণ করা হবে। এ সংক্রান্ত সুফলভোগী কমিটির পরামর্শক্রমে সুফলভোগী নির্বাচন করার প্রস্তাব করেন। সুফলভোগী নির্বাচনের পর বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে | গবাদীপশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান অব্যাহত রাখতে হবে | ১.উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি |
| (৫) | উপজেলা সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপস্থিত থাকবেন মর্মে আলোচনা হয় | আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাঁচবিবি উপস্থিত থাকবেন | উপজেলা সমাজসেবাকর্মকর্তা পাঁচবিবি |
| (৬) | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় বলেন যে, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট জেলা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ( ২০২০-২০২১) অনুযায়ী সারাদেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। তিনি জানান ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা কার্যালয় কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম সেপ্টেম্বর, ২০২১ মাসেরশেষ সপ্তাহে আরম্ভ করা হবে। এছাড়া ঋণ আদায়, বিতরণ অব্যাহত আছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার সংশ্লিষ্ট সকলকে নিয়ে উপকারভোগী নির্বাচনসহ যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| ৭। | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি সভায় বলেন যে, আগামী ১৮/০৮/২০২১ তারিখ হতে ০৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ সুষ্ঠুভাবে উদযাপন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এবং রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন প্রাতিষ্ঠানিক সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার হতে বিনা মূল্যে মাছের পোনা বিতরণ করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | জাতীয় মৎস্য সপ্তাহ পালনসহ মৎস্য চাষীকে মাছ চাষ ও মাছের রোগ বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি |
| (৮) | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি সভায় জানান আগস্ট, ২০২১ মাসে ১০১ জন উপকারভোগীকে ২৭.০৫ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ ও ৭জন নারী উদ্যোক্তার মাঝে ৬.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের গড় হার ৮৮% । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় ও বিতরণ ১০০% নিশ্চিত করতে হবে | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার,পাঁচবিবি |
| ৯) | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি, সভায় বলেন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকপের ১১তম ব্যাচের প্রশিক্ষণ চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২১-২০২২ অর্থ বছরের সম্ভাব্য উপকারভোগীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করার কার্যক্রম চলছে। এ কর্মসূচির সুবিধাভোগীদের উঠনি বৈঠক/সচেতনতামূলক সভার কর্মপরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়। সেপ্টেম্বর, ২০২১ মাস পর্যন্ত ভিজিডি কর্মসূচির সুবিধাভোগীদের মধ্যে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত আছে। ব্যাংক হিসাব খোলার কাজ চলমান আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে | সকল ভাতা নির্ধারিত সময়েই বিতরণ কার্যক্রম সম্পন্ন করার বিষয়টি অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পাঁচবিবি |
| ১০) | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় অনুপস্থিত থাকার কারণে তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না । আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয় | আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি উপস্থিত থাকবেন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি |
| ১১) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি সভায় জানান ২০২১-২০২২ অর্থবছরে নির্বাচনী এলাকাভিত্তিক টি, আর প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ৭১,৮৭,৫২২/- টাকা, উপজেলা পরিষদওয়ারী ৩৩,৭১,১৭৯ টাকা এবং কাবিখা প্রকল্পের আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক ৫৯.৯৪৪ মে: টন চাল, ৫৯.৯৪৪মে: টন গম এবং উপজেলা পরিষদওয়ারী ৭১.৩৩৩১মে: টন চাল, ৭১.৩৩৩১মে: টন গম বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দসমূহ দ্বারা বাস্তবায়নের জন্য কার্যক্রম চলছে। গত অর্থ বছরের প্রকল্পের কাজ সমাপ্তির পরও তদারকি অব্যাহত আছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন নির্বাচনী এলাকাভিত্তিক ৪৯,৫৭,৬৬৬/- টাকা এবং উপজেলা পরিষদওয়ারী ১৮,০১,৬৭০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। যা দ্বারা প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম প্রক্রিয়াধীন। ৩৩৩ থেকে ফোন আসলে তা যাচাই করে সংগে সংগে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত আছে। এ ছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে জানান | টি, আর এবং কাবিখা প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত সকল প্রকল্প বাস্তবায়নের কাজ যথানিয়মে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। কাজের গুনগতমান বৃদ্ধির জন্য তদারকি অব্যাহত রাখতে হবে। ইতোপূর্বে ট্যাগ অফিসার হিসেবে যারা কাজ করেছেন তাদের কার্যক্রম সম্পর্কে সভায় অবগত করতে হবে এবং তাদের সর্বাতৃক সহযোগিতা করতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি |
| | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, তাঁর দপ্তরের জনবল সংকট আছে। এ কারণে জনগনকে সুষ্ঠুভাবে সেবা প্রদানের কার্যক্রম ব্যাহত হচ্ছে। স্বল্প জনগন নিয়েই দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে | সুষ্ঠুভাবে সেবা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| (১৩) | শিক্ষা বিভাগ : <br> উপজেলা শিক্ষা অফিসার পাঁচবিবি সভায় বলেন যে, করোনার জন্য এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। এছাড়া ১ম-৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীর লেখাপড়া চালু রাখার জন্য "বাড়ীর কাজ" কর্মসূচি চালু আছে এবং তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | উপজেলা শিক্ষা দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পন্ন করতে হবে। শিক্ষার মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। শিক্ষকগণ যাতে যথাসময়ে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হয় তা নিশ্চিত করতে হবে | উপজেলা শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৪) | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : <br> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, করোনার জন্য এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। তিনি বলেন এ বছরের এসএসসি/ দাখিল পরীক্ষা নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে। এছাড়া তাঁর দাপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান আছে | শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন বৃদ্ধি করতে হবে। বাল্য বিয়ে রোধে অভিভাবকদের সচেতন করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৫) | উপজেলা সমবায় দপ্তর : <br> উপজেলা সমবায় অফিসার, পাঁচবিবি সভায় বলেন তাঁর দপ্তরের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ/ আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তিনি আশ্রয়ণ প্রকল্পের টিউবওয়েলগুলো মেরামত করার সুপারিশ করেন | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করাসহ ১০০% ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার,পাঁচবিবি |
| (১৬) | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পাঁচবিবি সভায় বলেন যে, আগস্ট, ২০২১ মাসে তাঁর দপ্তর হতে ৯৮.২২ লক্ষ টাকার মধ্যে ৮১.৭৬ লক্ষ টাকা ঋণে প্রদান করা হয়েছে। তার মধ্যে বকেয়াসহ ৯৯.৯৭ লক্ষ টাকা আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ১০০% । এছাড়া সঞ্চয় আদায় যথাযথভাবে চলছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | এবং ঋণ আদায় ও বিতরণ ১০০% ভাগ অব্যাহত রাখতে হবে ও যে উদ্দেশ্যে ঋণ প্রদান করা হয়েছে সে উদ্দেশ্যেই উক্ত অর্থ ব্যয় করে তারা নিজেরা স্বাবলম্বী হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পাঁচবিবি |
| (১৭) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর : <br> সহকারী প্রকৌশলী, পাঁচবিবি সভায় বলেন যে, BMWSSP প্রকল্পের পাঁচবিবি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশনের জন্য ওভারহেড ট্যাংক, পাম্প হাউজ, উৎপাদক নলকূপ, পৌরসভার অফিস বিল্ডিং এর কাজ চলমান আছে। এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরের কাজ চলমান আছে। PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের Wash Block এর কাজ চলছে। এছাড়াও পাঁচবিবি উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ১৯৮৩ সালে নির্মিত হওয়ায় এটি এখন বেশ ঝুঁকিপূর্ণ। তাই নুতন একটি ভবন নির্মাণের জন্য প্রস্তাবনাপ্রেরণ করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | নির্ধারিত সময়ের মধ্যেই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাঁচবিবি |
| (১৮) <br> (ক) | বিবিধ: <br> চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ১০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর সেপ্টেম্বর, ২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ৫,০০০/-টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমন বিবরণীসহ ৫,০০০/-টাকার ভ্রমন ভাতা বিল দাখিল করে অনুমোদনের সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/ ২০২১ মাসের মোট= ২০,০০০/- টাকা ভ্রমন ভাতা বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ <br> ২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| (খ) | ১) উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসের সভার আপ্যায়ন বাবদ ৩৮,০০০/- টাকা, আনুষঙ্গিক বিল বাবদ ৫,০০০/- টাকা, ৮ ও ৯নং কোয়ার্টার হতে ডরমেটরী পর্যন্ত পানির লাইন সংস্কার বাবদ ১৯,৫০০/- টাকাসহ মোট ৬২,৫০০/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত অর্থের বিল পরিশোধের জন্য ও ব্যয় অনুমোদনের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | উপজেলা পরিষদের বিভিন্ন খাতে ব্যয়িত সর্বমোট= ৬২,৫০০/- টাকা ব্যয়ের অনুমোদনসহ ব্যয়িত অর্থের ব্যয় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পাঁচবিবি<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |
| (গ) | উপজেলা পরিষদ মালীর আগস্ট/২১ মাসের মজুরী বাবদ ১৭,০৫০/- টাকা, ২জন অফিস সহায়কের মজুরী বাবদ ১১,১৬০/- টাকা এবং একজন পরিচ্ছন্ন কর্মীর মজুরী বাবদ ১৭,০৫০/- টাকা ব্যয়ের অনুমোদনের জন্য সভায় সুপারিশ করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | আগস্ট/২১ মাসের উপজেলা পরিষদের বিভিন্ন কর্মচারীর সর্বমোট= ৪৫,২৬০/- টাকা ব্যয়িত অর্থের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| (ঘ) | উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, বাংলাদেশের সকল উপজেলায় বিদ্যমান " উপজেলা কোর্ট বিল্ডিং" ভবনের স্থলে " সমন্বিত অফিস ভবন" নির্মাণের নিমিত্ত তথ্য প্রদানের জন্য পত্র পাওয়া গেছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন বর্তমান কোর্ট বিল্ডিং ৬নং খতিয়ানের ১১নং দাগে অবস্থিত। উপজেলা পরিষদের মালিকানাধীন উক্ত ১১নং দাগে একটি পুরাতন ও ঝুকিপূর্ণ বিল্ডিং অপসারণ করে সমন্বিত অফিস ভবন নির্মাণের স্থান নির্ধারণ করা যেতে পারে। উল্লিখিত স্থানে সমন্বিত অফিস বিল্ডিং নির্মাণের প্রয়োজনীয় জায়গা সংকুলান হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলায় বিদ্যমান " উপজেলা কোর্ট বিল্ডিং" ভবনের স্থলে " সমন্বিত অফিস ভবন" নির্মাণের নিমিত্ত উপজেলা পরিষদের মালিকানাধীন ৬নং খতিয়ানের ১১নং দাগে ঝুকিপূর্ণ পুরাতন বিল্ডিং অপসারণ করে সমন্বিত অফিস ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি বিভাগীয় কমিটির সদস্য-সচিবগণকে সভাপতির সাথে আলোচনাক্রমে নিয়মিতভাবে প্রতি ২ মাস অন্তর সভা আহ্বানপূর্বক অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান । এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্যও অনুরোধ জানান।

মেয়র পাঁচবিবি পৌরসভা, পাঁচবিবি সভায় বলেন ধরঞ্জি ইউনিয়নে মন্দিরের জায়গায় একটি ঝুকিপূর্ণ গাছ অপসারণ করা প্রয়োজন। তিনি আরো বলেন তুলশীগংগা ও যমুনা নদীর দুই তীরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা রোপন করা হয়েছে।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি সভায় বলেন যে, এ উপজেলার সকল দপ্তর যথানিয়মে সকল কার্যক্রম সম্পাদন করছেন এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন এডিপির বরাদ্দ হতে কেন্দ্রীয়ভাবে প্রকল্প গ্রহণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধূলার সামগ্রী বিতরণ করা প্রয়োজন। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে ৭৫ লক্ষ টিকা প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া টি.আর/কাবিখা/ কাবিটা প্রকল্পের কাজগুলোর তদারকি আরো বৃদ্ধি করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট
www.panchbibi.joypurhat.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৪৩.৩৮৭৪.০০০.০২.০০৬.২১- ৭৬১/৮ (৩৫)

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৮
২৭ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাঁচবিবি, জয়পুরহাট
০৭। মেয়র, পাঁচবিবি পৌরসভা, পাঁচবিবি, জয়পুরহাট
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, পাঁচবিবি
০৯। উপজেলা ............................................অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
১০। চেয়ারম্যান, .......................... (সকল) ইউনিয়ন পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট

উপজেলা পরিষদের পক্ষে

২৭.০৯.২০২১

মো. বরমান হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট